

ভোর থেকে আজ বাদল ছুটেছে— আয় গো আয় ।  
কাঁচা রোদখানি পড়েছে বনের ভিজে পাতায়॥  
ঝিকি ঝিকি করি কাঁপিতেছে বট—  
ওগো ঘাটে আয়, নিয়ে আয় ঘট—  
পথের দু ধারে সাথে সাথে আজি পাখিরা গায়॥  
তপন-আতপে আতপ্ত হয়ে উঠেছে বেলা,  
খঞ্জন-দুটি আলস্যভরে ছেড়েছে খেলা ।  
কলস পাকড়ি আঁকড়িয়া বুকে  
ভরা জলে তোরা ভেসে যাবি সুখে  
তিমিরনিবিড় ঘনঘোরে ঘুমে স্বপনপ্রায়— আয় গো আয়॥  
মেঘ ছুটে গেল, নাই গো বাদল— আয় গো আয় ।  
আজিকে সকালে শিথিল কোমল বহিছে বায়— আয় গো আয় ।  
এ ঘাট হইতে ও ঘাটে তাহার  
কথা বলাবলি নাই চলে আর,  
একাকার হল তীরে আর নীরে তাল-তলায়— আয় গো আয়॥

---

Parjaay: Prakriti / Borsha

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail